

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৬

8/ জুমু'আ (كِتَاب الْجُمُعَةِ عَنْ رَسُول اللَّهِ عَلَيْ)

পরিচ্ছেদঃ জুমু'আর দিনে গোসলের ফ্যীলত।

# باب مَا جَاءَ فِي فَضْلِ الْغُسْلِ يَوْمَ الْجُمُعَةِ

#### আরবী

حَدَّتَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّتَنَا وَكِيعٌ، حَدَّتَنَا سُفْيَانُ، وَأَبُو جَنَابِ يَحْيَى بْنُ أَبِي حَيَّة عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عِيسَى، عَنْ يَحْيَى بْنِ الْحَارِثِ، عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيّ، عَنْ أَوْسِ بْنِ أَوْسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنِ اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ وَغَسَّلَ بْنِ أَوْسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنِ اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ وَغَسَّلَ وَبَكَّرَ وَابْتَكَرَ وَدَنَا وَاسْتَمَعَ وَأَنْصَتَ كَانَ لَهُ بِكُلِّ خَطْوَةٍ يَخْطُوهَا أَجْرُ سَنَةٍ صِيَامُهَا وَيَكَّرَ وَابْتَكَرَ وَدَنَا وَاسْتَمَعَ وَأَنْصَتَ كَانَ لَهُ بِكُلِّ خَطْوَةٍ يَخْطُوهَا أَجْرُ سَنَةٍ صِيَامُهَا وَيَكَرَ وَابْتَكَرَ وَدَنَا وَاسْتَمَعَ وَأَنْصَتَ كَانَ لَهُ بِكُلِّ خَطْوَةٍ يَخْطُوهَا أَجْرُ سَنَةٍ صِيَامُهَا وَقِيَامُهَا " . قَالَ مَحْمُودٌ قَالَ وَكِيعٌ اغْتَسَلَ هُو وَغَسَّلَ امْرَأَتَهُ . قَالَ وَيُرْوَى عَنْ عَبْدِ اللَّهِ بُنُ الْمُبَارِكُ أَنَّهُ قَالَ فِي هَذَا الْحَديثِ " مَنْ غَسَّلَ وَاغْتَسَلَ " . يَعْنِي غَسَلَ رَأْسَهُ وَاغْتَسَلَ " . يَعْنِي غَسَلَ رَأْسَهُ وَاغْتَسَلَ . . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي بَكْرٍ وَعِمْرَانَ بْنِ حُصَيْنِ وَسَلْمَانَ وَأَبِي سَعِيدٍ وَابْنِ عُمْرَ وَأَبِي الْمُبَارِكِ أَبُو بَنْ الْمُبَارِكِ أَنُهُ اللّهُ اللّهُ عَلْ الْمُعْتِ عَسَلَ رَأُسُولُ اللّهُ مُ اللّهُ عَلْ أَيْسُلَ عَنْ الْبَابِ عَنْ أَبُو عِيسَى حَدِيثُ أَوْسٍ بْنِ أَوْسٍ حَدِيثٌ حَسَنٌ . وَأَبُو الْأَشْعَثِ اللّهُ الْمُنَانِيُّ السَّمُهُ شَرَاحِيلُ بْنُ أَدَةً . وَأَبُو جَنَابٍ يَحْيَى بْنُ حَبِيبٍ الْقَصَّابُ الْكُوفِيُّ .

#### বাংলা

৪৯৬. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) ...... আওস ইবনু আওস রাদিয়াল্লান্থ আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে জুমুআর দিনে সকাল সকাল গোসল করল এবং গোসল করাল, তারপর ইমামের কাছে গিয়ে বসে চুপ করে মনোযোগ দিয়ে খুতবা শুনল তার প্রত্যেক কদমের বিনিময়ে এক বছরের সিয়াম ও কিয়ামের (সালাতের) সওয়াব। মাহমূদ (রহঃ) এ হাদীসে বলেন, ইমাম ওয়াকী' বলেছেনঃ যে নিজে গোসল করল এবং তার স্ত্রীকে গোসল করাল। - ইবনু মাজাহ ১০৮৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৯৬ [আল মাদানী প্রকাশনী]

আবদুল্লাহ ইবনু মুবারক (রহঃ) সূত্রে এই হাদীসে বর্ণিত আছে যে, যে নিজে গোসল করল এবং (কাউকে) করাল অর্থাৎ সে তার মাথা ধৌত করল এবং সে গোসল করাল। আবূ বকর, ইমরান ইবনু হুসায়ন, সালমান, আবূ যর, আবূ সাঈদ, ইবনু উমর ও আবূ আয়ূবে রাদিয়াল্লাহু আনহুম থেকেও এই বিষয়ে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ



ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আওস ইবনু আওস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। আবূল আশ'আস আস্-সান'আন (রহঃ) এর নাম শুরাহিল ইবনু আদা। আবূ জানাব হলেন ইয়াহইয়া ইবনু হাবীব আল্-কুসসাব আল্-কৃফী।

### **English**

Aws bin Aws narrated:

"Allah's Messenger said to me: 'Whoever performs Ghusl on Friday, and bathes completely, and goes early, arriving early, gets close and listens and is silent, there will be for him in every step he take the reward of a year of fasting and standing (in prayer).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আউস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন